গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও শুদ্ধাচার শাখা
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

বিষয়: **জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু হেনা মোরশেদ জামান<br>সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ |
| তারিখ | : | ০৬/০১/২০২২ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | আইএমই বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, নির্ধারিত ফরমে যথানিয়মে আইএমই বিভাগেরর শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার প্রথম তিন মাসের (অক্টোবর-ডিসেম্বর) লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনার জন্য সংশ্লিষ্ট নীতিমালার আলোকে নৈতিকতা কমিটির সভা আহবান করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন।

০২। **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন**

গত ০৭.১০.২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিতে অনুমোদন করা হয়।

০৩। **শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অর্জন বিষয়ে আলোচনা**

সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা আহবান করা হয়েছে এবং সভায় গৃহিত সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে, শুদ্ধাচার প্রশিক্ষণের বিষয়ে ৪০ জনের প্রশিক্ষণের টার্গেট ছিল তার বিপরীতে ৪৮ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে নির্ধারিত টার্গেটের আলোকে নিয়মিত ভাবে পরিস্কার পরিচ্ছন্নতা ও গাছ পরিচর্যা এবং স্বাস্থ্যবিধি অনুসরণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। শুদ্ধাচার কর্মপরিকল্পনা ০৭.০৬.২০২১ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। আইএমই বিভাগ কর্তৃক বস্তবায়নাধীন DIMAPPP ও CDMRI প্রকল্পের আওতায় যথাক্রমে ২৩.১২.২০২১ ও ২৮.১২.২০২১ তারিখে এবং ২৬.১২.২০২১ ও ৩০.১২.২০২১ তারিখে পিআইসি ও পিএসসি সভা করা হয়েছে। উল্লিখিত অর্জনসমূহের বিষয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সভাপতি জানান, আইএমই বিভাগের আওতায় কোন দপ্তর/সংস্থা নেই। ফলে কর্মপরিকল্পনার ১.৭ নং কার্যক্রম এ বিভাগের সাথে সম্পর্কযুক্ত নয়। তিনি আরো উল্লেখ করেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের বিপরীতে ২য় কোয়ার্টারে টার্গেট দেয়া ছিল ৩০% এবং অর্জিত হয়েছে ৩০.১৭%। ধীরগতি সম্পন্ন প্রকল্প বাস্তবায়ন অবস্থা পরিবীক্ষণের লক্ষ্যে প্রকল্পভিত্তিক ৬টি সভা আহবানের টার্গেট ছিল তার বিপরীতে ৬টি সভা অনুষ্ঠিত হয়েছে। ই-জিপি সিস্টেমের কার্যকারিতা ও সম্প্রসারণ বিষয়ক মতবিনিময় সভা গত ২৮.১০.২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের সমন্বয়ে ১টি সভা করা হয়েছে। ২.৪ এর সূচকে CDMRI প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কার্যক্রম চলমান রয়েছে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

চলমান পাতা-২

০৪। <u>বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-</u>

৪.১ শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন ১৫.০১.২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং যথারীতি তা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

৪.২ প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জন করার বিষয়ে সকলকে সচেষ্ট হতে হবে।

৪.৩ অংশীজনদের সাথে সভায় গণমাধ্যম, সুশীল সমাজ, জনপ্রতিনিধি এবং বিভাগের সিদ্ধান্তে প্রভাবিত হয় এ ধরনের অংশগ্রহণ কারীদের প্রাধান্য দিতে হবে।

৪.৪ কোভিড কালীন পরিস্থিতিতে সকল কর্মকর্তা-কর্মচারীকে স্বাস্থ্যবিধি কঠোরভাবে প্রতিপালন করতে হবে এবং কর্মস্থল আবশ্যিকভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

০৫। পরিশেষে অন্য কোন অলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(আবু হেনা মোরশেদ জামান)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

নং-২১.০০.০০০০.০৫৫.০৫.০০২.২১-৩৫

তারিখ: ২৬ পৌষ ১৪২৮
১২ জানুয়ারি ২০২২

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১. সচিব সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ-সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)।
২. অতিরিক্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩. প্রধান/মহাপরিচালক (সকল), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. জনাব আবদুল্লাহ আল মামুন, পরিচালক (যুগ্মসচিব) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭ (নিবিড় পরিবীক্ষণ ও গবেষণা), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫. পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭. সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ। (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১২.০১.২০২২
(মোহাম্মদ রফিকুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন:-৪৮১১৮৮২৮

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এর ৩য় কোয়ার্টারের 'নৈতিকতা কমিটির' সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা

তারিখ: ০৬/০১/২০২২ খ্রিঃ।

| ক্রম: | কর্মকর্তার নাম | পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | ড. গাজী মোঃ সাইফুজ্জামান | অতিরিক্ত সচিব | [signature] ০৬.০১-2022 |
| ২ | [illegible] | | |
| ৩ | মো: সোহেলের রহমান চৌধুরী | মহাপরিচালক | [signature] ৬.১.2022 |
| ৪ | মোঃ মতিয়ার রহমান | DG-5 | [signature] ৬/১/২২ |
| ৫ | এস এম হামিদুল হক | DG-8,2 | [signature] 06/01/22 |
| ৬ | আব্দুল্লাহ আল মামুন | DG-6 | [signature] ৬/১/২০২২ |
| ৭ | শেখ মোঃ আব্দুল কাইউম এনডিসি | DG-3 | [signature] 06/01/2022 |
| ৮ | মু: নুরুর আমিন | DG-4 | [signature] |
| ৯ | ড. সাইফুল ইসলাম | DG-7 | [signature] |